

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
প্রশাসন-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
[www.ssd.gov.bd](http://www.ssd.gov.bd)



স্মারক নম্বর: ৫৮.০০.০০০০..০১৪.০৬.০০১.১৭.১৮

তারিখ: ২১ চৈত্র ১৪২৭

০৪ এপ্রিল ২০২১

বিষয়: সুরক্ষা সেবা বিভাগের মাসিক সভার কার্যবিবরণী প্রেরণ  
সুরক্ষা সেবা বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে ফেব্রুয়ারিভে, ২০২১-এর মাসিক সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যবিবরণী স্বাক্ষরীত হয়েছে। সংশ্লিষ্ট সকলের সদয় প্রেরণ করা যেতে পারে।

৪-৪-২০২১

মোঃ আবদুল কাদির  
উপসচিব

সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

ইমেইল: [admin3@ssd.gov.bd](mailto:admin3@ssd.gov.bd)

**সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি, ২০২১-এর মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ শহিদুজ্জামান, সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
তারিখ ও সময় : ৩১ মার্চ, ২০২১ সকাল ১০.৩০ টা  
স্থান : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে অনুরোধ জানান। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এ বিভাগে নবযোগদানকৃত মোঃ আবুল ফজল মীর, উপসচিব-কে পরিচয় প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি সভায় উপস্থিত সকলের নিকট তাঁর পরিচয় প্রদান করেন। তাঁকে এ বিভাগে স্বাগত জানানো হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

**২। আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ :**

ক্র.	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত
২.১	কার্যবিবরণী দৃষ্টিকরণ : জানুয়ারি, ২০২১-এর কার্যবিবরণী জারি করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে।	কোন সংশোধনী প্রস্তাব না থাকায় জানুয়ারি, ২০২১-এর কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়।

ক্র.	বিষয় ও আলোচনা	সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী																												
২.২	<p>(ক) করোনাভাইরাস সংক্রান্ত: (২৮.০৩.২০২১ তারিখ)</p> <table border="1"> <thead> <tr> <th>বিভাগ/ অধিদপ্তর</th> <th>আক্রান্ত কর্মকর্তা/ কর্মচারির সংখ্যা</th> <th>এ পর্যন্ত সুস্থ কর্মকর্তা/ কর্মচারির সংখ্যা</th> <th>বর্তমানে চিকিৎসাধীন</th> </tr> </thead> <tbody> <tr> <td>এসএসডি</td> <td>২০</td> <td>২</td> <td>১৮</td> </tr> <tr> <td>এফএসসিডি</td> <td>৩২২</td> <td>১২</td> <td>৩১০</td> </tr> <tr> <td>প্রিজন</td> <td>৩৯১</td> <td>৩</td> <td>৩৮৭</td> </tr> <tr> <td>ডিআইপি</td> <td>৬০</td> <td>৫</td> <td>৫৫</td> </tr> <tr> <td>ডিএনসি</td> <td>৮৯</td> <td>০</td> <td>৮৯</td> </tr> <tr> <td>মোট</td> <td>৮৮২</td> <td>২২</td> <td>৮৫৯ (৯৭.৩৯%)</td> </tr> </tbody> </table>	বিভাগ/ অধিদপ্তর	আক্রান্ত কর্মকর্তা/ কর্মচারির সংখ্যা	এ পর্যন্ত সুস্থ কর্মকর্তা/ কর্মচারির সংখ্যা	বর্তমানে চিকিৎসাধীন	এসএসডি	২০	২	১৮	এফএসসিডি	৩২২	১২	৩১০	প্রিজন	৩৯১	৩	৩৮৭	ডিআইপি	৬০	৫	৫৫	ডিএনসি	৮৯	০	৮৯	মোট	৮৮২	২২	৮৫৯ (৯৭.৩৯%)	<ul style="list-style-type: none"> <li>এ বিভাগের যে সকল কর্মকর্তা-কর্মচারী করোনাভাইরাসে-এ আক্রান্ত হয়ে কোয়ারেন্টাইনে আছেন তাদেরকে করোনা টেস্ট করে ফলাফল নেগেটিভ মর্মে সনদ জমা দিয়ে অফিস শুরু করতে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান অব্যাহত রাখা।</li> <li>এ বিভাগের ডিজিটেলস টিম কর্তৃক করোনা আক্রান্ত কর্মকর্তা-কর্মচারীদের সার্বক্ষণিক খোঁজ খবর রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।</li> <li>কোভিড-১৯ ভ্যাকসিন প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকারসহ এ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারী কর্তৃক বর্ণিত ভ্যাকসিন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।</li> <li>প্রয়োজনীয় কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা।</li> <li>এ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীর হ্যান্ড স্যানিটাইজার এবং সঠিকভাবে মাস্ক ব্যবহার নিশ্চিত করা।</li> </ul> <p>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/বিভাগীয় নির্বাচন কমিটি।</p>
বিভাগ/ অধিদপ্তর	আক্রান্ত কর্মকর্তা/ কর্মচারির সংখ্যা	এ পর্যন্ত সুস্থ কর্মকর্তা/ কর্মচারির সংখ্যা	বর্তমানে চিকিৎসাধীন																											
এসএসডি	২০	২	১৮																											
এফএসসিডি	৩২২	১২	৩১০																											
প্রিজন	৩৯১	৩	৩৮৭																											
ডিআইপি	৬০	৫	৫৫																											
ডিএনসি	৮৯	০	৮৯																											
মোট	৮৮২	২২	৮৫৯ (৯৭.৩৯%)																											
	<p>(খ) শূন্যপদে জনবল নিয়োগ :</p> <table border="1"> <thead> <tr> <th>শ্রেণি</th> <th>অনুমোদিত পদ</th> <th>পূরণকৃত পদ</th> <th>শূন্যপদ</th> </tr> </thead> <tbody> <tr> <td>১ম</td> <td>৭৬</td> <td>৫৬</td> <td>২০</td> </tr> <tr> <td>২য়</td> <td>৫৯</td> <td>৪৪</td> <td>১৫</td> </tr> <tr> <td>৩য়</td> <td>১০১</td> <td>৭২</td> <td>২৯</td> </tr> <tr> <td>৪র্থ</td> <td>৪১</td> <td>৩৬</td> <td>৫</td> </tr> </tbody> </table>	শ্রেণি	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ	১ম	৭৬	৫৬	২০	২য়	৫৯	৪৪	১৫	৩য়	১০১	৭২	২৯	৪র্থ	৪১	৩৬	৫	<ul style="list-style-type: none"> <li>প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদে জনবল নিয়োগের জন্য পিএসসিতে অধিযাচন প্রেরণ করা।</li> </ul> <p>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ।</p>								
শ্রেণি	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ																											
১ম	৭৬	৫৬	২০																											
২য়	৫৯	৪৪	১৫																											
৩য়	১০১	৭২	২৯																											
৪র্থ	৪১	৩৬	৫																											



	মোট	২৭৭	২০৮	৬৯	
২.৩	অনিষ্পন্ন বিষয় : সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুসরণ করে চিঠি-পত্রসমূহ যথাসময়ে নিষ্পত্তিকরণ।				<ul style="list-style-type: none"> <li>● সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী এ বিভাগের সকল শাখা/অধিশাখার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা।</li> <li>● ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়োগ বিধিমালার খসড়া প্রণয়ন দ্রুত চূড়ান্ত করা।</li> <li>● বিদেশস্থ মিশনসমূহে পদ সৃষ্টিকরণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে তথ্য প্রেরণসহ দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা।</li> </ul> <p>বাস্তবায়নে : সকল শাখা/অধিশাখা/সংশ্লিষ্ট কমিটি/অনুবিভাগ প্রধান</p>
২.৪	ক) শাখা পরিদর্শন : অক্টোবর-ডিসেম্বর, ২০২০-এ বিভাগের ১৪ জন কর্মকর্তা ১৬টি শাখা পরিদর্শন করেছেন।				<ul style="list-style-type: none"> <li>● সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী অনুবিভাগ প্রধানগণ কর্তৃক প্রতি ৩ মাস পর পর এবং অন্যান্য কর্মকর্তাগণ কর্তৃক প্রতি ২ মাস পর পর শাখা পরিদর্শন অব্যাহত রাখা।</li> </ul> <p>বাস্তবায়নে : সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ প্রধান</p>
	খ) জেলা পরিদর্শন : জানুয়ারি-ফেব্রুয়ারি, ২০২১-এ বিভাগের ৮ জন কর্মকর্তা ৮টি জেলা পরিদর্শন করেছেন।				<ul style="list-style-type: none"> <li>● এ বিভাগের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত পরিদর্শন টিম কর্তৃক প্রতি মাসে মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখা;</li> <li>● জেলা পরিদর্শনকালে সংশ্লিষ্ট জেলায় এ বিভাগের আওতাভুক্ত চলমান প্রকল্পসমূহও আবশ্যিকভাবে পরিদর্শন করা।</li> <li>● জেলা পরিদর্শনকালে সকল কর্মকর্তা স্ব স্ব অফিসের বাইরে প্রকল্পসমূহ পরিদর্শন করা।</li> </ul> <p>বাস্তবায়নে : সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ।</p>
২.৫	ই-টেন্ডারিং: <ul style="list-style-type: none"> <li>● কম্পিউটার ও আনুসঙ্গিক প্যাকেজের জন্য (৬টি আইটেম) ২৩.০২.২০২১ তারিখে মালামাল গ্রহণ করা হয়েছে। বাকি ২টি প্যাকেজ (মনিহারি মালামাল ও আসবাবপত্র) ১৬.০৩.২০২১ ও ২১.০৩.২০২১ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে।</li> <li>● পাসপোর্ট বুথ এর প্রয়োজনীয় মেরামত ও সংস্কারকাজ সম্পন্ন হয়েছে। বিষয়টি নিষ্পত্তি মর্মে গণ্য করা যায়।</li> </ul>				<ul style="list-style-type: none"> <li>● বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখা;</li> <li>● সচিবালয়ের অভ্যন্তরে অবস্থিত পাসপোর্ট বুথ এর প্রয়োজনীয় মেরামত ও সংস্কারকাজ দ্রুত সম্পন্ন করা।</li> <li>● কর্মকর্তা-কর্মচারীগণের ব্যবহৃত যে সকল অফিস কক্ষ ও প্রয়োজনীয় কম্পিউটার, আলমারি, ফাইল কেবিনেট তথা আসবাবপত্র ইত্যাদির মেরামত ও সংস্কারকাজ এখনো বাকী আছে তা দ্রুত সম্পন্ন করা।</li> <li>● স্পেসিফিকেশন অনুযায়ী কম্পিউটারপণ্য/ইলেক্ট্রনিক্সসহ সকল মালামাল ক্রয় করা হয় কি'না তা সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক মনিটরিং অব্যাহত রাখা;</li> <li>● কোভিড-১৯ পরিস্থিতিতে এ বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ যেন স্বাস্থ্যবিধি মেনে অফিস কার্য সম্পাদন করতে পারেন সেজন্য প্রয়োজনীয় পরিমাণ মাস্ক, স্যানিটাইজার, হ্যান্ডওয়াশ ইত্যাদি সরবরাহ অব্যাহত রাখা।</li> <li>● অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)-এর রুমের সামনে অব্যাহত মালামাল দ্রুত অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।</li> <li>● অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ)-এর কক্ষের আয়াতনের সাথে সামঞ্জস্য রেখে রুমের মালামাল সন্নিবেশ করা।</li> <li>● মাদক-১ ও ২ শাখা এবং শৃংখলা-১ শাখার কর্মপরিবেশ মনোরম</li> </ul>

					<p>করার জন্য প্রয়োজনীয় মেরামত ও সংস্কার কার্যক্রম দ্রুত সম্পাদন করা।</p> <ul style="list-style-type: none"> <li>● বহি-২ শাখার কর্মকর্তার রুমে ইলেক্ট্রিক্যাল বেল স্থাপন করা।</li> <li>● আইন-২ শাখার কর্মকর্তার রুমে রক্ষিত জননিরাপত্তা বিভাগের আলমারি ও র্যাক স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া।</li> <li>● স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সামনের বাগান এর নকশা/ডিজাইন দ্রুত সিনিয়র সচিব-এর নিকট উপস্থাপন করা।</li> <li>● এ বিভাগের প্রত্যেকটি কক্ষে সুন্দর কর্ম পরিবেশ নিশ্চিত করার জন্য এতদসংশ্লিষ্ট মেরামত ও সংস্কার কার্যক্রম দ্রুত সম্পাদন করা</li> </ul> <p>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (প্রশাসন ও অর্থ)/উপসচিব (প্রশাসন-২)</p>																						
২.৬	<table border="1"> <thead> <tr> <th>ক্র.</th> <th>তদন্ত কর্মকর্তার নাম ও পদবী</th> <th>তদন্ত প্রদানের তারিখ</th> <th>মোট তদন্ত</th> <th>অবশিষ্ট</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>জনাব আরিফ আহমদ, উপসচিব</td> <td>০৮.০৯.২০২০ ১৫.০৯.২০২০</td> <td>১</td> <td>১</td> </tr> <tr> <td>২</td> <td>মনিরা হক, সিনিয়র সহকারী সচিব</td> <td>০৮.০৯.২০২০</td> <td>২</td> <td>০</td> </tr> <tr> <td></td> <td>মোট</td> <td></td> <td>৩</td> <td>১</td> </tr> </tbody> </table>	ক্র.	তদন্ত কর্মকর্তার নাম ও পদবী	তদন্ত প্রদানের তারিখ	মোট তদন্ত	অবশিষ্ট	১	জনাব আরিফ আহমদ, উপসচিব	০৮.০৯.২০২০ ১৫.০৯.২০২০	১	১	২	মনিরা হক, সিনিয়র সহকারী সচিব	০৮.০৯.২০২০	২	০		মোট		৩	১				<p>সিদ্ধান্তঃ</p> <ul style="list-style-type: none"> <li>● যে সকল কর্মকর্তার নিকট এখনো তদন্ত মামলার কার্যক্রম পেন্ডিং আছে সেগুলো দ্রুত সম্পাদন করা;</li> <li>● তদন্ত কর্মকর্তা কর্তৃক পেন্ডিং তদন্তের সংখ্যা, প্রদেয় তদন্তের সংখ্যা এবং পেন্ডিং থাকার কারণ উল্লেখপূর্বক বিস্তারিত তথ্যাদি প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রশাসন-১ শাখায় প্রেরণ করা।</li> </ul> <p>বাস্তবায়নে : সংশ্লিষ্ট তদন্ত কর্মকর্তা/উপসচিব (প্রশা-১), সুরক্ষা সেবা বিভাগ</p>		
ক্র.	তদন্ত কর্মকর্তার নাম ও পদবী	তদন্ত প্রদানের তারিখ	মোট তদন্ত	অবশিষ্ট																							
১	জনাব আরিফ আহমদ, উপসচিব	০৮.০৯.২০২০ ১৫.০৯.২০২০	১	১																							
২	মনিরা হক, সিনিয়র সহকারী সচিব	০৮.০৯.২০২০	২	০																							
	মোট		৩	১																							
২.৭	<p>নথি বিনষ্টকরণঃ</p> <table border="1"> <thead> <tr> <th>ক্রম</th> <th>শাখার নাম</th> <th>নথি সংখ্যা</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>প্রশাসন-২</td> <td>১০টি</td> </tr> <tr> <td>২</td> <td>কারা-১</td> <td>৭টি</td> </tr> <tr> <td>৩</td> <td>বাহি:-৩</td> <td>২৬টি</td> </tr> <tr> <td>৪</td> <td>মাদক:-১</td> <td>১৭টি</td> </tr> <tr> <td>৫</td> <td>বাহি:-২</td> <td>৩০টি</td> </tr> <tr> <td></td> <td>মোট</td> <td>৯০টি</td> </tr> </tbody> </table> <p>● সচিবালয়স্থ চুল্লিতে আগুনে পুড়িয়ে ১৪.১১.২০২০ তারিখে এ বিভাগের গ ও ঘ শ্রেণির ৯০টি নথি বিনষ্ট করা হয়েছে।</p>	ক্রম	শাখার নাম	নথি সংখ্যা	১	প্রশাসন-২	১০টি	২	কারা-১	৭টি	৩	বাহি:-৩	২৬টি	৪	মাদক:-১	১৭টি	৫	বাহি:-২	৩০টি		মোট	৯০টি				<ul style="list-style-type: none"> <li>● নতুন অর্থবছরে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নপূর্বক প্রশাসন-২ শাখায় দ্রুত বরাবর প্রেরণ করা।</li> <li>● শাখা/অধিশাখা কর্তৃক নথির শ্রেণিবিন্যাস সঠিকভাবে করা হয়েছে কি'না তা সংশ্লিষ্ট উইং প্রধান কর্তৃক যাচাইয়াত্তে নথি বিনষ্টকরণের প্রস্তাব শাখা/অধিশাখা প্রধানের মাধ্যমে দ্রুত প্রশাসন-২ শাখায় প্রেরণ করা।</li> <li>● বিনষ্টযোগ্য নথির তালিকা চূড়ান্ত করে ওয়েবসাইটে প্রকাশ করা।</li> </ul> <p>বাস্তবায়নে : সকল কর্মকর্তা/নথি বিনষ্টকরণ কমিটি।</p>	
ক্রম	শাখার নাম	নথি সংখ্যা																									
১	প্রশাসন-২	১০টি																									
২	কারা-১	৭টি																									
৩	বাহি:-৩	২৬টি																									
৪	মাদক:-১	১৭টি																									
৫	বাহি:-২	৩০টি																									
	মোট	৯০টি																									
২.৮	<p>ই-নথি:</p> <table border="1"> <thead> <tr> <th rowspan="2">ক্র.</th> <th rowspan="2">অনুবিভাগের নাম</th> <th colspan="2">মাসের নাম</th> </tr> <tr> <th>জানুয়ারি, ২০২১</th> <th>ফেব্রুয়ারি, ২০২১</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>প্রশাসন ও অর্থ অনুবিভাগ</td> <td>৬৯</td> <td>৭১</td> </tr> <tr> <td>২</td> <td>নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ</td> <td>৩৭</td> <td>২৪</td> </tr> <tr> <td>৩</td> <td>অগ্নি অনুবিভাগ</td> <td>২৭</td> <td>২৬</td> </tr> <tr> <td>৪</td> <td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ</td> <td>২১</td> <td>২৪</td> </tr> </tbody> </table>	ক্র.	অনুবিভাগের নাম	মাসের নাম		জানুয়ারি, ২০২১	ফেব্রুয়ারি, ২০২১	১	প্রশাসন ও অর্থ অনুবিভাগ	৬৯	৭১	২	নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ	৩৭	২৪	৩	অগ্নি অনুবিভাগ	২৭	২৬	৪	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ	২১	২৪				<ul style="list-style-type: none"> <li>● মধ্যম ক্যাটাগরির ১৫টি মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে এ বিভাগ বর্তমানে ২য় স্থানে অবস্থান করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</li> <li>● ই-নথি কার্যক্রমে এ বিভাগের বর্তমান অবস্থান সমুন্নত রাখা এবং প্রথম স্থান অধিকার করার চেষ্টা অব্যাহত রাখা।</li> <li>● ই-নথি কার্যক্রমের সার্বিক অগ্রগতি শাখাওয়ারি শতকরা হারে প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করা;</li> </ul> <p>বাস্তবায়নে : সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/আইসিটি সেল</p>
ক্র.	অনুবিভাগের নাম			মাসের নাম																							
		জানুয়ারি, ২০২১	ফেব্রুয়ারি, ২০২১																								
১	প্রশাসন ও অর্থ অনুবিভাগ	৬৯	৭১																								
২	নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ	৩৭	২৪																								
৩	অগ্নি অনুবিভাগ	২৭	২৬																								
৪	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ	২১	২৪																								



	অনুবিভাগ																
৫	আইন ও শৃঙ্খলা অনুবিভাগ	৮	৮														
৬	কারা অনুবিভাগ	৭০	১২৫														
৭	উন্নয়ন অনুবিভাগ	৬	৮														
	মোট	২৩৮	২৮৬														
২.৯	<p><b>প্রশিক্ষণ:</b> জুলাই, ২০২০ হতে প্রত্যেক মাসের প্রশিক্ষণসূচি প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশসহ প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে।</p> <table border="1"> <thead> <tr> <th>কর্মকর্তা/ কর্মচারির শ্রেণি</th> <th>কর্মকর্তা/ কর্মচারির সংখ্যা</th> <th>ক্রমপঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘণ্টা)</th> </tr> </thead> <tbody> <tr> <td>১ম শ্রেণি</td> <td>৩৫</td> <td>৪৮</td> </tr> <tr> <td>২য় শ্রেণি</td> <td>৩৩</td> <td>৪৮</td> </tr> <tr> <td>৩য় শ্রেণি</td> <td>৮২</td> <td>৪৮</td> </tr> <tr> <td>৪র্থ শ্রেণি</td> <td>৩৬</td> <td>৪৮</td> </tr> </tbody> </table>	কর্মকর্তা/ কর্মচারির শ্রেণি	কর্মকর্তা/ কর্মচারির সংখ্যা	ক্রমপঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘণ্টা)	১ম শ্রেণি	৩৫	৪৮	২য় শ্রেণি	৩৩	৪৮	৩য় শ্রেণি	৮২	৪৮	৪র্থ শ্রেণি	৩৬	৪৮	<ul style="list-style-type: none"> <li>জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়, পাসপোর্টসহ এ বিভাগের কর্মকর্তাদের চাহিদা মোতাবেক বাৎসরিক ৬০ ঘণ্টার (Need Based) প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা।</li> <li>মুজিববর্ষ উপলক্ষ্যে ড্রাইভার এবং পরিচ্ছন্নতা কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।</li> </ul> <p>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ</p>
কর্মকর্তা/ কর্মচারির শ্রেণি	কর্মকর্তা/ কর্মচারির সংখ্যা	ক্রমপঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘণ্টা)															
১ম শ্রেণি	৩৫	৪৮															
২য় শ্রেণি	৩৩	৪৮															
৩য় শ্রেণি	৮২	৪৮															
৪র্থ শ্রেণি	৩৬	৪৮															
২.১০	<p><b>ওয়েবসাইট হালনাগাদকরণ :</b> বিবেচ্যমাসে ১৯৮টি তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> <li>প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে ওয়েবসাইট আপডেটসহ অন্যান্য তথ্যাদি যথারীতি আপলোড করা;</li> <li>প্রত্যেক মাসে এ বিভাগসহ অধিদপ্তরসমূহের ওয়েবসাইট আপডেট করা হয় কি'না তার তথ্য প্রোগ্রামার কর্তৃক মাসিক সভায় ছকে উপস্থাপন করা;</li> </ul> <p>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ/প্রোগ্রামার</p>															
২.১১	<p><b>বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি :</b></p> <p>২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সুরক্ষা সেবা বিভাগের নিজস্ব কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ৪৯টি এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ১৭টি মোট ৬৬টি কর্মসম্পাদক সূচক রয়েছে। বর্ণিত সূচক সমূহের মধ্যে-</p> <ul style="list-style-type: none"> <li>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট-০৭টি সূচকের মধ্যে বিভিন্ন ইমিগ্রেশন চেকপোস্ট/বিমান বন্দরে ই-গেইট স্থাপন, ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি চূড়ান্তকরণ, ই-ভিসা শীর্ষক প্রকল্পের ডিপিপি চূড়ান্তকরণ এবং ইমিগ্রেশন আইনের খসড়া চূড়ান্তকরণ কার্যক্রমে আশানুরূপ অগ্রগতি নেই, অবশিষ্ট ৩টি সূচকের কার্যক্রম বাস্তবায়নাধীন।</li> <li>কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৮টি সূচকের মধ্যে খুলনা জেলা কারাগার নির্মাণ কার্যক্রম বাস্তবায়ন, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকায়ন কার্যক্রম বাস্তবায়ন এবং কারাবন্দিদের পোষ্যদের অনুকূলে বঙ্গবন্ধু বৃত্তি প্রদান কার্যক্রমের লক্ষ্যমাত্রার তুলনায় অগ্রগতি কম, অবশিষ্ট ৫টি সূচকের অগ্রগতি সন্তোষজনক।</li> <li>মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সংশ্লিষ্ট-৭টি সূচকের মধ্যে ৪ টি ইত:মধ্যে অর্জিত হয়েছে এবং অবশিষ্ট ৩টি বাস্তবায়নের কাজ চলমান।</li> <li>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট ০৫টি সূচকের মধ্যে ১টি অর্জিত হয়েছে অবশিষ্ট ০৪টির কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>এপিএ টিম এবং দপ্তর/সংস্থার প্রধানগণ কর্তৃক এপিএ-তে বর্ণিত সূচক বাস্তবায়নে নির্ধারিত সময় অন্তর ফোকাল কর্মকর্তাদেরকে নিয়ে অধিদপ্তর প্রধানগণ কর্তৃক এপিএ-তে বর্ণিত সূচক অর্জনের অগ্রগতি পর্যালোচনা করা এবং পরবর্তী করণীয় নির্ধারণ করে দেয়া।</li> <li>এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ফোকাল পার্সনগণকে নিয়ে এপিএ-তে অন্তর্ভুক্ত সূচকের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে ষাণ্মাসিক পর্যালোচনা সভার আয়োজন করা।</li> <li>এপিএর যে ৭টি সূচকে নম্বর অর্জন করা সম্ভব হয়নি (ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর কার্যক্রম সংক্রান্ত ৫টি, কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ১টি এবং সুরক্ষা সেবা বিভাগের জনবল নিয়োগ সংক্রান্ত ১টি) সে সকল সূচকের বিষয়ে জরুরিভিত্তিতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা।</li> <li>এপিএর সূচক বাস্তবায়নে সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক জেলা পরিদর্শন ও শাখা পরিদর্শন প্রতিবেদনের একটি কপি যুগ্মসচিব (অগ্নি অনুবিভাগ) বরাবর প্রেরণ করা।</li> </ul> <p>বাস্তবায়নে : যুগ্মসচিব (অগ্নি অনুবিভাগ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সংশ্লিষ্ট কর্মকর্তা</p>															

২.১২

## ১২.১- অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা :

বিভাগ/সংস্থা	মোট অভিযোগ	অন্য দপ্তরে প্রেরিত	বিবেচ্যমাসে নিষ্পত্তিকৃত	চলমান অভিযোগ	
				নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি	নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে
এসএসডি	০	০	০	০	০
প্রিজন	১৩	০	১১	২	০
ডিএনসি	৯	০	০	৯	০
এফএসসিডি	১৭৫	০	৮	১৬৭	০
ডিআইপি	৭	০	৬	১	০

● অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) কর্তৃক প্রাপ্ত সকল অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে প্রতিমাসের নির্ধারিত তারিখে মধ্যে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করা।

● অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) কর্তৃক প্রাপ্ত সকল অভিযোগ -এর প্রতিবেদন/বিবরণ প্রতিমাসে সচিব, সুরক্ষা সেবা বিভাগ-এর নিকট উপস্থাপন করা।

বাস্তবায়নে : সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

## ১২.২ তথ্য অধিকার আইন বাস্তবায়ন :

বিবেচ্যমাসে তথ্য প্রাপ্তির জন্য আবেদনের সংখ্যা			বিবেচ্য মাসে প্রদত্ত তথ্যের বিবরণ	তথ্য দেয়া না হলে তার কারণ
ডাক-যোগে	অন-লাইনে	মোট		
০০	১	১	--	--

● তথ্য অধিকার আইন মোতাবেক ফোকাল পয়েন্ট কর্মকর্তা তথ্য প্রদান ও নির্ধারিত ছকে তা সভায় উপস্থাপন করবেন।

● তথ্য অধিকার আইন প্রসঙ্গে একটি প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করা।

বাস্তবায়নে : সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা/প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ।

## ১২.৩- জাতীয় শুদ্ধাচার কৌশল :

● ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত/বাস্তবায়নকারী শাখা/অধিশাখা/অনুবিভাগসমূহের লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারণপূর্বক সকল শাখা/অনুবিভাগে পত্র প্রদান করা হয়েছে।

● জাতীয় শুদ্ধাচার কৌশল নীতিমালার আওতায় পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের সনদ ও ক্রেস্ট চূড়ান্ত করা হয়েছে।

● শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনয়ন ও পুরস্কার প্রদানের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে আল্ফায়ক, অনুবিভাগ প্রধান সকলকে সদস্য, উপসচিব (প্রশাসন-১)-কে সদস্য সচিব করে ১টি কমিটি গঠন করা হয়েছে।

● জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সম্পর্কিত বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের সূচকে অন্তর্ভুক্ত বিধায় এপিএ-তে সকল সূচকে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে আরো দৃশ্যমান অগ্রগতি সাধন করা।

● জাতীয় শুদ্ধাচার কৌশল নীতিমালার আওতায় পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের সনদ ও ক্রেস্ট প্রদানের ব্যবস্থা করা।

● বছরের প্রতি কোয়ার্টারে সকল শাখা/অধিশাখা/দপ্তর হতে শুদ্ধাচার পুরস্কারের জন্য ১ জন কর্মকর্তা (২য় থেকে ১০ম গ্রেড) ও ১ জন কর্মচারীর (১১তম থেকে ২০তম গ্রেড) নাম প্রশাসন ও অর্থ অনুবিভাগের প্রশাসন-১ শাখায় প্রস্তাব আকারে প্রেরণ করা।

বাস্তবায়নে : সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

## ১২.৪- এসডিজি :

● এসডিজি ট্রেকার সিস্টেম সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট ইনডিকেটরসমূহের মধ্যে ২টি ইনডিকেটর-এর জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং ১টি ইনডিকেটর -এর জন্য কারা অধিদপ্তর তথ্য প্রদান করে থাকে।

● এসডিজি ট্রেকার সিস্টেম তথ্য প্রদান নিশ্চিতের লক্ষ্যে উক্ত দুটি প্রতিষ্ঠানের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে।

● এসডিজির ট্রেকার সিস্টেম চালু করা হয়েছে, কারা অধিদপ্তর ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাথে ৩ মাস অন্তর অন্তর এসডিজি ট্রেকার সিস্টেম আপডেট অব্যাহত রাখা;

● এসডিজি ও এনএসডিএ বিষয়ে দিনব্যাপী ১টি কর্মশালার আয়োজন করা।

বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ/ফোকাল পয়েন্ট কর্মকর্তা/প্রোগ্রামার।

## ১২.৫- ইনোভেশন :

● Online Based Archive Management System" উদ্ভাবনী উদ্যোগটি পাইলটিং এবং নতুন ডিজিটাল সার্ভিস হিসাবে গৃহীত

● ১৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ৪র্থ সভা (২০২০-২১ অর্থবছর) অনুষ্ঠিত হয়েছে।

● এ বিভাগের ইনোভেশন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;

● ইনোভেশন, এপিএ ও শুদ্ধাচার-এ বর্ণিত সূচকের মান অর্জনে অগ্রগতি পর্যালোচনা করা এবং পরবর্তী করণীয় সে বিষয়ে সভা করা


● ইনোভেশন-এ বর্ণিত সূচকের মান অর্জনে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসারে অগ্রগতি পর্যালোচনা সভা করে পরবর্তী করণীয় নির্ধারণ করে দেয়া।

বাস্তবায়নে : চীফ ইনোভেশন কর্মকর্তা।



<p>১২.৬-ভিডিও কনফারেন্স :</p> <table border="1" data-bbox="241 248 827 322"> <tr> <td>সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক আয়োজিত ভিডিও কনফারেন্সের সংখ্যা</td> <td>৭টি</td> </tr> </table>	সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক আয়োজিত ভিডিও কনফারেন্সের সংখ্যা	৭টি	<ul style="list-style-type: none"> <li>এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহের জেলা/বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা/স্টেক-হোল্ডার ও সেবা গ্রহীতাগণের সাথে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মতবিনিময় সভার আয়োজন করা।</li> <li>এছাড়া জেলা প্রশাসকগণের সাথে প্রত্যেক মাসে ভিডিও কনফারেন্স এর আয়োজন অব্যাহত রাখা;</li> <li>সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক আয়োজিত ভিডিও কনফারেন্সের যাবতীয় তথ্য (ভিডিও কনফারেন্সের বিষয়, তারিখ ও সময়, সংশ্লিষ্ট দপ্তর সংস্থা) প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ করা।</li> <li>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ (উপসচিব, প্রশাসন-১/২/৩ ও প্রোগ্রামার, আইসিটি সেল)</li> </ul>
সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক আয়োজিত ভিডিও কনফারেন্সের সংখ্যা	৭টি		
<p>১২.৭ সিটিজেন চার্টার :</p> <p>সিটিজেন চার্টার হালনাগাদ করার নিমিত্ত ২১.০৯.২০২০ তারিখে সৈয়দ বেলাল হোসেন, অতিরিক্ত সচিব-কে আহ্বায়ক এবং প্রত্যেক শাখা হতে ১ জন উপসচিব/সিনিয়র সহকারী সচিব-কে অন্তর্ভুক্ত করে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক ২০.১০.২০২০ ও ০২.১২.২০২০ তারিখে সিটিজেন চার্টার আপডেটকরণ বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। প্রাপ্ত প্রস্তাব ও সভার সিদ্ধান্ত মোতাবেক আপডেটকরণ শীঘ্রই আপডেটকরণের কার্যক্রম সম্পন্ন হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> <li>এ বিভাগের সিটিজেন চার্টার হালনাগাদ করা আছে কি'না তা যাচাই করা এবং বই আকারে প্রকাশের ব্যবস্থা করা।</li> </ul> <p>বাস্তবায়নে : সিটিজেন চার্টার আপডেটকরণ বিষয়ক কমিটি</p>		
<p>১২.৮ বার্ষিক প্রতিবেদন প্রকাশঃ</p> <ul style="list-style-type: none"> <li>বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি কর্তৃক পাণ্ডুলিপি চূড়ান্ত করা হয়েছে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>২০১৯-২০ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য কমিটি গঠন ও এপিএ-তে নির্ধারিত সূচি মোতাবেক প্রতিবেদন প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা।</li> <li>নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য প্রয়োজনীয় কার্যক্রম যথা সময়ে সম্পন্ন করা।</li> </ul> <p>বাস্তবায়নে : বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি</p>		
<p>১২.৯ বিবিধ :</p> <ul style="list-style-type: none"> <li>'নো মাস্ক নো সার্ভিস' সংক্রান্ত শ্লোগান সংশ্লিষ্ট সকল দপ্তর/অনুবিভাগ/শাখার দৃশ্যমান স্থানে গণসচেতনতামূলক প্রচার কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>'নো মাস্ক নো সার্ভিস' সংক্রান্ত শ্লোগান সংশ্লিষ্ট সকল দপ্তর/অনুবিভাগ/শাখার দৃশ্যমান স্থানে গণসচেতনতামূলক প্রচার কার্যক্রম অব্যাহত রাখা এবং সেবাগ্রহীতাকে মাস্ক ব্যবহারে সচেতন ও উৎসাহিত করা।</li> </ul>		

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করার জন্য অনুরোধ জানান। তিনি বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মো: শাহিদুজ্জামান)  
 সিনিয়র সচিব  
 সুরক্ষা সেবা বিভাগ  
 স্বরাষ্ট্র মন্ত্রণালয়